

নথি নম্বর:০৮.০১.৩৩০০.০৩৭.০০২.০১.০০৪৭.২৬/ ১৫৩

তারিখ: ০৯/০৬/২০২৬খ্রি.

### বিজ্ঞপ্তি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর কর্তৃক গত ০১/০৫/২০২৬খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে আবেদনকারী প্রার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নে বর্ণিত পদের **লিখিত পরীক্ষা** ছকে বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী অনুষ্ঠিত হবে:

ক্র.ন.	পদের নাম	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্র
১	উচ্চমান সহকারী	১২-০৬-২০২৬খ্রি. রোজ শুক্রবার সকাল ১০:০০ টা	ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর।
২	ডাটা এন্ট্রি অপারেটর		
৩	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক		
৪	সিপাই (শারীরিক যাচাই পরীক্ষায় উত্তীর্ণ)		
৫	অফিস সহায়ক		

#### পরীক্ষার্থীদের জন্য জ্ঞাতব্য ও আবশ্যিকীয় পালনীয় বিষয়াদি:

- প্রবেশপত্রের সাথে পরীক্ষার্থীর চেহারার মিল পাওয়ার পরই শুধু পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে।
- পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের আবেদনপত্রে প্রদত্ত ছবিযুক্ত হাজিরা শীট থাকবে। আবেদনপত্রের ছবির সাথে কোনো পরীক্ষার্থীর চেহারার মিল না থাকলে তার পরীক্ষা গ্রহণ করা হবে না এবং সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- হাজিরা তালিকায় প্রদত্ত স্বাক্ষরের সাথে আবেদনপত্রের স্বাক্ষরের মিল থাকতে হবে।
- সরবরাহকৃত উত্তরপত্র/খাতার মধ্যেই লেখা সম্পন্ন করতে হবে। অতিরিক্ত কোনো খাতা/কাগজ সরবরাহ করা হবে না এবং সরবরাহকৃত প্রশ্নপত্র অবশ্যই উত্তরপত্র/খাতার সাথে জমা দিতে হবে।
- লিখিত/ব্যবহারিক/মৌখিক কোনো পরীক্ষার জন্য টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর-এর ওয়েবসাইট ([www.gazipurvat.gov.bd](http://www.gazipurvat.gov.bd)) এবং টেলিটক কর্তৃক এস.এম.এস এর মাধ্যমে জানানো হবে।
- মৌখিক পরীক্ষার সময় নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল সনদের মূলকপি উপস্থাপন করতে হবে।
- লিখিত পরীক্ষার জন্য শুধু কলম সঙ্গে আনা যাবে। ক্যালকুলেটর, মোবাইল ফোন, ডিজিটাল ঘড়িসহ কোনো প্রকার ইলেকট্রনিক সামগ্রী সঙ্গে আনা যাবে না।
- পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে আবশ্যিকভাবে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে প্রবেশের গেইট বন্ধ করে দেয়া হবে।
- পরীক্ষা শেষ হওয়ার পূর্বে কোনো পরীক্ষার্থীকে হল ত্যাগ করতে দেওয়া হবে না।
- পরীক্ষা চলাকালে কোনো প্রকার অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর পরীক্ষা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



সাধন কুমার কুন্ডু  
অতিরিক্ত কমিশনার

ও

সভাপতি

বিভাগীয় নিয়োগ কমিটি

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, গাজীপুর।